

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭।জ-৩৬২ (ক-৩)/২০১৮-১৭১৩/৫

তারিখঃ

২১/০৯/১৪২৬ বঙ্গাব্দ
১১/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দিনাজপুর জেলার কাহারোল উপজেলাধীন জয়নন্দ ডিগ্রি কলেজের অধ্যক্ষ নিয়োগের মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ জ/ম/৩১ (২০১৯).; তারিখঃ ১৭/১০/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার কাহারোল উপজেলাধীন জয়নন্দ ডিগ্রি কলেজটি জাতীয়করণের লক্ষ্যে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর এবং বিচারপতি এ.কে.এম শহিদুল হক এর রায়ের রিট পিটিশন নং-১১৭৮৭/২০১৬ খ্রি. ১৬/০২/২০১৭খ্রি. মামলাটি নিষ্পত্তি করেছেন এবং সুপ্রীমকোর্টের আপিল বিভাগের সিপি নং-২৬৩৩/২০১৭, তারিখঃ ০৩/০২/২০১৯খ্রি. এ শুনানী হয়। বর্তমানে মামলাটি আপিল বিভাগে সিএ শুনানীর অপেক্ষমান। উক্ত প্রতিষ্ঠানে অধ্যক্ষ পদ শূন্য থাকায় বর্তমানে অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামতের জন্য অধ্যক্ষ অত্র অধিদপ্তরে আবেদন করেছেন। তদপ্রেক্ষিতে আইন শাখার মতামত নিম্নরূপঃ
“রীট পিটিশন নং-১১৭৮৭/২০১৬ এবং আপিল নং-২৬৩৩/২০১৭ মামলা দায়ের হয় কলেজ জাতীয় করণের বিষয়ে। এ মামলার সাথে কলেজে অধ্যক্ষ নিয়োগে কোন বাধা নেই।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে কোন বাধা নেই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭
১২.১.২০২০

অধ্যক্ষ
জয়নন্দ ডিগ্রি কলেজ
কাহারোল, দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, জয়নন্দ ডিগ্রি কলেজ, কাহারোল, দিনাজপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর।
- ৫। সংরক্ষণ নথি।